

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপি-২ শাখা

নং ০৫.০০.০০০০.১৯৬.০২৫.২৪.০০৩.১৬-২০

তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

অস্ট্রেলিয়ার Curtin University তে Australia Awards Fellowships (Round-16) কর্মসূচির আওতায় বিসিএস (প্রশাসন/কৃষি/পশুসম্পদ/মৎস্য/গণপূর্ত/সড়ক ও জনপথ) ক্যাডারভুক্ত কর্মকর্তা এবং এলজিইডি এর সহকারী প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাগণকে মনোনয়ন প্রদানের সুযোগ রয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে "Enhancing Citizen Participation in Governance for achieving SDG's in Bangladesh" শীর্ষক থিমের সাথে সঙ্গতিপূর্ণ বিষয়ে একটি সংক্ষিপ্ত Individual Action Plan/Proposal দাখিল করতে হবে।

আবেদনকারী কর্মকর্তাগণের নিম্নোক্ত যোগ্যতা থাকা আবশ্যিক :

১. ইতঃপূর্বে যারা Australian Leadership Awards Fellowship/ Australia Awards Fellowships এর আওতায় কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করেননি ;
২. ইংরেজি ও কম্পিউটারে দক্ষ হতে হবে ;
৩. আবেদনকারী অস্ট্রেলিয়ার Permanent Residence Status প্রাপ্ত নন অথবা Permanent Residence Status এর জন্য আবেদন করেননি;
৪. যাদের চাকরির বয়স দশ (১০) বছর পূর্ণ হয়েছে।
৫. যারা বাংলাদেশের উপকূলীয় অঞ্চল, সমতল, পার্বত্য ও বরেন্দ্র অঞ্চলে মাঠ পর্যায়ে উল্লেখযোগ্য সময় চাকরির অভিজ্ঞতাসম্পন্ন/কর্মরত

কর্মকর্তা বাছাই প্রক্রিয়া :

Individual Action Plan/Proposal এর ভিত্তিতে বাছাইকৃত আবেদনকারীগণের তালিকা চূড়ান্ত মনোনয়নের জন্য Department of Foreign Affairs and Trade (DFAT) বরাবর প্রেরণ করা হবে। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশের ভিত্তিতে DFAT চূড়ান্ত প্রার্থী নির্বাচন করবে।

আবেদন :

সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদি পূরণপূর্বক আগামী ২৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৫.০০টার মধ্যে Individual Action Plan/Proposal সহ আবেদন সিপি-২ শাখায় শুধু ই-মেইলে ( ই-মেইল ঠিকানাঃ [haque3570@yahoo.com](mailto:haque3570@yahoo.com)) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিঃ দ্রঃ- সংক্ষিপ্ত কোর্সটি কয়েক সপ্তাহব্যাপী হতে পারে এবং সেপ্টেম্বর, ২০১৬ থেকে মে, ২০১৭ খ্রিঃ এর মধ্যে যেকোন সময় অনুষ্ঠিত হবে এ সংক্রান্ত তথ্য নির্বাচিত কর্মকর্তাদেরকে পরবর্তীতে জানানো হবে এবং DFAT কর্তৃপক্ষ কোর্সের মেয়াদ এবং সময়সূচি নির্ধারণের অধিকার সংরক্ষণ করেন।

  
( আরিফুল হক )

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫১৩৫৪৪

আবেদনকারী কর্মকর্তার তথ্যাবলি :

০১।	নাম ও পরিচিতি নম্বর (বাংলা ও ইংরেজিতে)	:
০২।	পদবী ও বর্তমান কর্মস্থল	:
০৩।	বর্তমান ঠিকানা	:
০৪।	ব্যাচ নং	:
০৫।	জন্ম তারিখ	:
০৬।	শিক্ষাগত যোগ্যতার বিবরণ (সকল)	:
০৭।	বিদেশ প্রশিক্ষণ/ভ্রমণের বিবরণ	:
০৮।	IELTS স্কোর (যদি থাকে)	:
০৯।	মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা	:
১০।	অফিসিয়াল পাসপোর্ট নম্বর ও মেয়াদ শেষ হওয়ার তারিখ	:

উর্ধ্বতন কর্তৃপক্ষের সুপারিশ  
স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

